গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রকল্প পরিচালকের কার্যালয়
দেশীয় প্রজাতির মাছ এবং শামুক সংরক্ষণ ও উন্নয়ন প্রকল্প
মৎস্য অধিদপ্তর, গোপালগঞ্জ
www.fisheries.gov.bd

স্মারক নং- ৩৩.০২.০০০০.৯৫৭.১০.০০১.২১-২৪৪ তারিখঃ ১১/১০/২০২১ খ্রি.

**বিষয়ঃ মাঠ সহায়ক কর্মী মনোনয়নের জন্য প্রাথমিক তালিকা প্রেরণ প্রসঙ্গে।**

মৎস্য অধিদপ্তরাধীন "দেশীয় প্রজাতির মাছ এবং শামুক সংরক্ষণ ও উন্নয়ন" শীর্ষক উন্নয়ন প্রকল্পের মাঠ পর্যায়ের কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে প্রকল্পভূক্ত ৪৯ টি উপজেলায় মোট ১৪৯ জন মাঠ সহায়ক কর্মী মনোনয়ন প্রদান করা হবে। মাঠ সহায়ক কর্মী মনোনয়নের শর্তাবলী, মনোনয়ন প্রক্রিয়া ও দায়িত্ব-কর্তব্য (TOR) সংক্রান্ত নির্দেশনা অনুসরণপূর্বক অত্র প্রকল্পের উপজেলা বাস্তবায়ন কমিটি কর্তৃক উপজেলা ভিত্তিক মাঠ সহায়ক কর্মীর জন্য নির্ধারিত সংখ্যক মাঠ সহায়ক কর্মীর বাছাইকৃত প্রাথমিক তালিকা আগামী ০৪/১১/২০২১ খ্রিঃ তারিখের মধ্যে সংশ্লিষ্ট জেলা মৎস্য কর্মকর্তার মাধ্যমে প্রকল্প দপ্তরে প্রেরণের জন্য সকলকে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ননামতে ০৫ (পাঁচ) পাতা।

১১/১০/'২১
(এস এম আশিকুর রহমান)
প্রকল্প পরিচালক
দেশীয় প্রজাতির মাছ এবং শামুক সংরক্ষণ ও উন্নয়ন প্রকল্প
মৎস্য অধিদপ্তর, গোপালগঞ্জ।
ই-মেইল: pdifssproject@fisheries.gov.bd
ফোনঃ+৮৮০ ২৬৬৮১৩১৪

সিনিয়র উপজেলা/উপজেলা মৎস্য কর্মকর্তা

-------------------------------------------।

**সদয় জ্ঞাতার্থে/কার্যার্থেঃ**

১। উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, ঢাকা/বরিশাল/খুলনা বিভাগ।

২। জেলা মৎস্য কর্মকর্তা, ..........................................।

৩। উপজেলা নির্বাহী অফিসার (প্রকল্পভূক্ত সকল উপজেলা) ও সভাপতি, উপজেলা বাস্তবায়ন কমিটি, দেশীয় প্রজাতির মাছ এবং শামুক সংরক্ষণ ও উন্নয়ন প্রকল্প।

৪। মহাপরিচালক মহোদয়ের ষ্টাফ অফিসার, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৫। দপ্তর নথি।

## দেশীয় প্রজাতির মাছ এবং শামুক সংরক্ষণ ও উন্নয়ন প্রকল্প এর মাঠ সহায়ক কর্মী মনোনয়নের শর্তাবলি, মনোনয়ন প্রক্রিয়া ও দায়িত্ব-কর্তব্য (TOR) সংক্রান্ত নির্দেশনা

মৎস্য অধিদপ্তরাধীন "দেশীয় প্রজাতির মাছ এবং শামুক সংরক্ষণ ও উন্নয়ন প্রকল্প" এর উপজেলা পর্যায়ে কার্যক্রম বাস্তবায়নে সহায়তার লক্ষ্যে অনুমোদিত ডিপিপিতে ১৪৯ জন মাঠ সহায়ক কর্মী মনোনয়নের সংস্থান রাখা হয়েছে। মাঠ সহায়ক কর্মীর মনোনয়নের শর্তাবলি, মনোনয়ন প্রক্রিয়া ও দায়িত্ব-কর্তব্য (TOR) নির্ধারনের জন্য প্রকল্প বাস্তবায়ন কমিটির (পিআইসি) নির্দেশনা মোতাবেক গঠিত কমিটির সভার সিদ্ধান্ত অনুযায়ী মাঠ সহায়ক কর্মী মনোনয়নের শর্তাবলি, মনোনয়ন প্রক্রিয়া ও দায়িত্ব-কর্তব্য (TOR) নিম্নরূপঃ

### ক) মনোনয়ন প্রক্রিয়া

১. মাঠ সহায়ক কর্মী মনোনয়নের জন্য প্রকল্প পরিচালকের পূর্ব অনুমোদনক্রমে উপজেলা পর্যায়ে উপজেলা বাস্তবায়ন কমিটি নোটিশ প্রকাশ করবে। নোটিশে মাঠ সহায়ক কর্মী মনোনয়নের শর্তাবলী ও দায়িত্ব-কর্তব্য উল্লেখ থাকতে হবে।

২. মাঠ সহায়ক কর্মী-এর দায়িত্ব পালনে আগ্রহী ব্যক্তিদের জ্ঞাতার্থে নোটিশটি বহুল প্রচারের নিমিত্তে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিস, উপজেলা মৎস্য অফিস, উপজেলা কৃষি অফিস, উপজেলা প্রাণিসম্পদ অফিস, থানা, ইউনিয়ন পরিষদ ভবন, এবং অন্যান্য দপ্তরের দৃশ্যমান স্থানে প্রদর্শন করতে হবে।

৩. প্রার্থীকে আবেদন দাখিলের জন্য কমপক্ষে ৭ (সাত) দিন সময় দিয়ে নোটিশ প্রকাশ করতে হবে।

৪. প্রার্থীকে সিনিয়র উপজেলা/উপজেলা মৎস্য কর্মকর্তা বরাবর লিখিত আবেদন করতে হবে।

৫. উপজেলা বাস্তবায়ন কমিটি সাক্ষাৎকার গ্রহণ করে যোগ্য প্রার্থীদের মধ্যে থেকে যাচাই-বাছাইয়ের মাধ্যমে মাঠ সহায়ক কর্মী মনোনয়নের নিমিত্ত প্রাথমিক তালিকা প্রণয়ন করবে।

৬. উপজেলা বাস্তবায়ন কমিটি কর্তৃক মাঠ সহায়ক কর্মীর প্রাথমিক তালিকা জেলা মৎস্য কর্মকর্তার মাধ্যমে অনুমোদনের জন্য প্রকল্প পরিচালকের নিকট প্রেরণ করতে হবে।

৭. প্রকল্প পরিচালক, প্রকল্প বাস্তবায়ন কমিটির (পিআইসি) অনুমোদনক্রমে মাঠ সহায়ক কর্মী মনোনয়নের তালিকা চূড়ান্ত করবেন।

### খ) মাঠসহায়ক কর্মীর মনোনয়নের শর্তাবলী

১. আবেদনকারীকে বাংলাদেশের নাগরিক এবং সংশ্লিষ্ট উপজেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।

২. প্রার্থীকে ন্যূনতম উচ্চমাধ্যমিক/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। মৎস্য ডিপ্লোমা/বিজ্ঞান বিষয়ে উত্তীর্ণ প্রার্থীদের অগ্রাধিকার প্রদান করা হবে।

৩. নোটিশ প্রকাশের তারিখে প্রার্থীর বয়স ১৮ হতে ৪০ বছর হতে হবে।

৪. মৎস্য অধিদপ্তরের সমাপ্ত অন্য কোন প্রকল্পের সমধর্মী কাজে অভিজ্ঞ প্রার্থীদের/ মৎস্য চাষ বিষয়ে প্রশিক্ষণপ্রাপ্তকে অগ্রাধিকার প্রদান করা যেতে পারে।

৫. শারীরিক ও মানসিকভাবে সুস্থ হতে হবে।

৬. সরকারী বা বেসরকারী কোন সংস্থার বেতনভুক্ত/সম্মানী ভাতা প্রাপ্ত কর্মচারী মাঠ সহায়ক কর্মী পদে আবেদন করতে পারবেন না।

৭. উক্ত পদে মাসে সর্বসাকুল্যে ১৫০০০.০০ (পনের হাজার ) টাকা প্রণোদনা প্রদান করা হবে। উক্ত প্রণোদনা সংশ্লিষ্ট সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা /উপজেলা মৎস্য কর্মকর্তা কর্তৃক প্রত্যয়নপত্র প্রদান সাপেক্ষে প্রদেয় হবে।

৮. সাদা কাগজে (স্পষ্ট অক্ষরে) আবেদনকারীর পূর্ণ নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম, স্থায়ী ও বর্তমান ঠিকানা, জাতীয়তা, মোবাইল/ফোন নম্বর, জন্মতারিখ, বয়স, শিক্ষাগত যোগ্যতা, ধর্ম, অভিজ্ঞতা (যদি থাকে) ইত্যাদি উল্লেখপূর্বক সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা /উপজেলা মৎস্য কর্মকর্তা বরাবর নির্দিষ্ট সময়ের মধ্যে আবেদন করতে হবে। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ, স্বাক্ষরবিহীন এবং বিলম্বে প্রাপ্ত আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে।

৯. আবেদনপত্রের সাথে প্রার্থীর সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি ছবি এবং নিম্নবর্ণিত কাগজপত্রাদির ছায়াকপি (গেজেটেড কর্মকর্তা/ পৌরসভার মেয়র/ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক সত্যায়িত করে) সংযুক্ত করতে হবে

   ক) শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্র

   খ) প্রার্থীর জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সার্টিফিকেট

   গ) পৌরসভার মেয়র/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র

ঘ) স্থায়ী বাসিন্দার স্বপক্ষে স্থানীয় পৌরসভার মেয়র/ ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানের প্রত্যয়নপত্র

ঙ) অভিজ্ঞতা/প্রশিক্ষণের সনদপত্র (যদি থাকে)

১০. কর্তৃপক্ষ কর্তৃক নির্দেশিত স্থান ও সময়ে সাক্ষাৎকার প্রদানের জন্য উপস্থিত থাকতে হবে।

১১. প্রার্থীগণকে সাক্ষাৎকার প্রদানের সময় সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র/জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন/নাগরিকত্ব সনদপত্র/স্থায়ী বাসিন্দার প্রত্যয়নপত্র/অভিজ্ঞতার সনদপত্র (যদি থাকে) এর মূলকপি উপস্থাপন/দাখিল করতে হবে।

১২. মনোনীত মাঠ সহায়ক কর্মীকে দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণে অংশগ্রহণ করতে হবে।

১৩. প্রকল্প পরিচালক মাঠ পর্যায়ের কার্যক্রম সুষ্ঠভাবে বাস্তবায়নের প্রয়োজনে মাঠ সহায়ক কর্মীকে একই উপজেলার অন্য ইউনিয়নে দায়িত্ব প্রদান করতে পারবেন।

১৪. মাঠ সহায়ক কর্মীর কার্যক্রম/আচরন সন্তোষজনক না হলে প্রকল্প পরিচালক মাঠ সহায়ক কর্মীকে সাময়িক বরখাস্ত/ বরখাস্ত করতে পারবেন।

১৫. প্রকল্প মেয়াদশেষে এই মনোনয়ন বাতিল বলে গণ্য হবে।

১৬. বর্ণিত শর্তাবলী ছাড়া অন্য যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৭. প্রতারনামূলকভাবে ভুল তথ্য দিলে বা তথ্য গোপন করলে বা ভূয়া সনদপত্র জমা দিলে প্রার্থিকে অযোগ্য হিসেবে গন্য করা হবে এবং মনোনয়নপ্রাপ্ত হলে মনোনয়ন বাতিলসহ বরখাস্ত করা হবে।

১৮. কর্তৃপক্ষ কোন কারন দর্শানো ব্যতীরকে যে কোন আবেদন গ্রহণ/বাতিল/ কিংবা মনোনয়ন প্রক্রিয়া বাতিল/স্থগিত করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১৯. কোন উপজেলায় উপযুক্ত প্রার্থী পাওয়া না গেলে পার্শ্ববর্তী উপজেলা হতে উপযুক্ত প্রার্থী মনোনয়ন দেওয়া যাবে।

**গ) মাঠ সহায়ক কর্মীর দায়িত্ব-কর্তব্য**

১. মৎস্য খামারসমূহ রেজিস্ট্রেশনে সহায়ক ভূমিকা পালন করতে হবে।

২. মাঠ পর্যায়ে সংশ্লিষ্ট প্রকল্পের সম্প্রসারণ কর্মীর দায়িত্ব পালন করতে হবে।

৩. সংশ্লিষ্ট সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার/উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয় এবং সংশ্লিষ্টদের মাঝে কার্যকর যোগসূত্র স্থাপনে সহায়তা করতে হবে।

৪. সম্প্রসারণ পদ্ধতি ও মৎস্য কার্যক্রম সম্পর্কে কারিগরি বিষয়ে প্রশিক্ষণ গ্রহণ ও মাঠ পর্যায়ে বাস্তবায়ন করতে হবে।

৫. দায়িত্বপ্রাপ্ত এলাকার জলাশয়ে মৎস্য সম্পদ জরিপ করতে হবে এবং উপজেলা মৎস্য অফিসে তথ্যাদি সরবরাহ করতে হবে।

৬. ফলাফল প্রদর্শক মৎস্যচাষিদের খামার পরিদর্শন করে পরামর্শ প্রদানপূর্বক রেজিষ্টারে লিপিবদ্ধ করতে হবে।

৭. মাঠ সহায়ক কর্মী এর নিকট আগত মৎস্যচাষিকে পরামর্শ প্রদান করে রেজিষ্টারে লিপিবদ্ধ করতে হবে।

৮. স্থানীয় পর্যায়ে মৎস্যচাষ সংক্রান্ত কারিগরি ও ব্যবস্থাপনা সংক্রান্ত সমস্যাদি প্রয়োজনে সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার/উপজেলা মৎস্য কর্মকর্তার গোচরে আনতে হবে এবং সম্ভাব্য সমাধানের পন্থা জেনে নিয়ে মাঠ পর্যায়ে পৌছে দিতে হবে।

৯. প্রদর্শনী খামার নির্বাচনে/ বিকল্প কর্মসংস্থান ও সহায়তা প্রদানের জন্য মৎস্যজীবী ও জেলে নির্বাচনে সংশ্লিষ্ট সিনিয়র উপজেলা/ উপজেলা মৎস্য কর্মকর্তাকে সহায়তা করতে হবে।

১০. অভয়াশ্রম স্থাপন/বিল নার্সারী স্থাপন /পোনা অবমুক্তি/খাঁচায় মাছ চাষ/পেনে মাছ/মুক্তা চাষ এর জন্য উপযুক্ত স্থান নির্বাচনে সিনিয়র উপজেলা/উপজেলা মৎস্য কর্মকর্তাকে সহায়তা করতে হবে।

১১. বিভিন্ন প্রশিক্ষণ/সভা/অভিজ্ঞতা বিনিময় সফর কার্যক্রম বাস্তবায়নে সংশ্লিষ্ট সিনিয়র উপজেলা/উপজেলা মৎস্য কর্মকর্তাকে সহায়তা করতে হবে।

১২. দায়িত্বপ্রাপ্ত এলাকায় ফলাফল প্রদর্শক চাষির পুকুরের উৎপাদন কর্ম পরিকল্পনা তৈরিতে সহায়তা প্রদান করতে হবে। এবং বাস্তবায়ন তথ্যাদি রেকর্ড বই এ লিপিবদ্ধ করতে হবে।

১৩. অভয়াশ্রম স্থাপনে সিনিয়র উপজেলা/উপজেলা মৎস্য কর্মকর্তাকে সহায়তা করতে হবে।

১৪. অভয়াশ্রম রক্ষণাবেক্ষণে সমাজ ভিত্তিক গোষ্ঠী গঠন এবং গোষ্ঠীর সাথে যোগাযোগে সিনিয়র উপজেলা/উপজেলা মৎস্য কর্মকর্তাকে সহায়তা করতে হবে।

১৫. পোনা মাছ অবমুক্তি এবং বিল নার্সারী কার্যক্রম বাস্তবায়নে সিনিয়র উপজেলা/উপজেলা মৎস্য কর্মকর্তাকে সহায়তা করতে হবে।

১৬. মৎস্য সংরক্ষণ আইন বাস্তবায়নে সিনিয়র উপজেলা/উপজেলা মৎস্য কর্মকর্তাকে সহায়তা করতে হবে।

১৭. সম্প্রসারণ ও পরামর্শ কার্যক্রম পরিচালনার জন্য প্রদত্ত সম্প্রসারণ সামগ্রী, ওয়াটার ও সয়েল টেস্টিং কিট ও বাইসাইকেলের যথাযথ ব্যবহার ও সংরক্ষণ করতে হবে।

১৮. প্রয়োজনে উপজেলা মৎস্য অফিসে মাসিক সভায় যোগদান করতে হবে।

১৯. সংশ্লিষ্ট সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার/উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয় কর্তৃক আয়োজিত বিশেষ অনুষ্ঠান/কর্মসূচীতে সক্রিয়ভাবে অংশগ্রহণ করতে হবে।

২০. সংশ্লিষ্ট সিনিয়র উপজেলা/উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয় কর্তৃক সময়ে সময়ে অর্পিত অন্যান্য দায়িত্ব পালন করতে হবে।

০৭/০৯/২০২২
(নাসরিন জাহান)
সহকারী পরিচালক, বাস্তবায়ন শাখা, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা
ও
সদস্য
মাঠ সহায়ক কর্মী মনোনয়নের শর্তাবলি,
মনোনয়ন প্রক্রিয়া ও
দায়িত্ব-কর্তব্য (TOR) নির্ধারণ কমিটি।

০৭/৯/২০২২
(মোঃ মাহবুব উল হক)
সহকারী পরিচালক (প্রশাসন-২), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা
ও
সদস্য
মাঠ সহায়ক কর্মী মনোনয়নের শর্তাবলি,
মনোনয়ন প্রক্রিয়া ও
দায়িত্ব-কর্তব্য (TOR) নির্ধারণ কমিটি।

৭/৯/২০২২
(মুহাম্মদ মনিরুল ইসলাম)
সহকারী প্রকল্প পরিচালক
দেশীয় প্রজাতির মাছ এবং শামুক সংরক্ষণ ও উন্নয়ন প্রকল্প
মৎস্য অধিদপ্তর, গোপালগঞ্জ
ও
সদস্য সচিব
মাঠ সহায়ক কর্মী মনোনয়নের শর্তাবলি,
মনোনয়ন প্রক্রিয়া ও
দায়িত্ব-কর্তব্য (TOR) নির্ধারণ কমিটি।

০৭/০৯/২০২২
(মোঃ আব্দুর রেজ্জাক)
উপপ্রধান (প্রকল্প বাস্তবায়ন শাখা)
মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা
ও
সদস্য
মাঠ সহায়ক কর্মী মনোনয়নের শর্তাবলি,
মনোনয়ন প্রক্রিয়া ও
দায়িত্ব-কর্তব্য (TOR) নির্ধারণ কমিটি।

৭/৯/২০২২
(মোহা: আতিয়ার রহমান)
প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা
(মৎস্য পরিকল্পনা ও জরিপ)
মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা
ও
সভাপতি
মাঠ সহায়ক কর্মী মনোনয়নের শর্তাবলি,
মনোনয়ন প্রক্রিয়া ও
দায়িত্ব-কর্তব্য (TOR) নির্ধারণ কমিটি।

**দেশীয় প্রজাতির মাছ এবং শামুক সংরক্ষণ ও উন্নয়ন প্রকল্প এর উপজেলা ভিত্তিক মাঠ সহায়ক কর্মীর জন্য নির্ধারিত সংখ্যা**

| বিভাগ | জেলা | উপজেলা | মাঠ সহায়ক কর্মী (জন) |
|---|---|---|---|
| ঢাকা | গোপালগঞ্জ | গোপালগঞ্জ সদর | ৭ |
| | | টুঙ্গিপাড়া | ২ |
| | | কোটালীপাড়া | ৪ |
| | | মুকসুদপুর | ৫ |
| | | কাশিয়ানী | ৫ |
| | **উপমোট** | | **২৩** |
| | ফরিদপুর | ভাঙ্গা | ৪ |
| | | সালথা | ২ |
| | **উপমোট** | | **৬** |
| | মাদারীপুর | মাদারীপুর সদর | ৫ |
| | | রাজৈর | ৩ |
| | | শিবচর | ৬ |
| | | কালকিনি | ৫ |
| | **উপমোট** | | **১৯** |
| | শরীয়তপুর | শরীয়তপুর সদর | ৩ |
| | | ভেদরগঞ্জ | ৪ |
| | | গোসাইরহাট | ২ |
| | | জাজিরা | ৪ |
| | | নড়িয়া | ৪ |
| | | ডামুড্যা | ২ |
| | **উপমোট** | | **১৯** |
| খুলনা | বাগেরহাট | মোল্লাহাট | ২ |
| | | ফকিরহাট | ৩ |
| | **উপমোট** | | **৫** |
| | নড়াইল | নড়াইল সদর | ৪ |
| | | লোহাগড়া | ৪ |
| | | কালিয়া | ৫ |
| | **উপমোট** | | **১৩** |
| বরিশাল | বরিশাল | বরিশাল সদর | ৩ |
| | | আগৈলঝাড়া | ২ |
| | | বাবুগঞ্জ | ২ |
| | | হিজলা | ২ |
| | | বাকেরগঞ্জ | ৪ |
| | | বানারীপাড়া | ২ |
| | | উজিরপুর | ৩ |
| | | মুলাদী | ২ |
| | | গৌরনদী | ২ |
| | | মেহেন্দীগঞ্জ | ৩ |
| | **উপমোট** | | **২৫** |

| বিভাগ | জেলা | উপজেলা | মাঠ সহায়ক কর্মী (জন) |
|---|---|---|---|
| | ঝালকাঠি | ঝালকাঠি সদর | ৩ |
| | | রাজাপুর | ২ |
| | | নলছিটি | ৩ |
| | | কাঠালিয়া | ২ |
| | **উপমোট** | | **১০** |
| | পিরোজপুর | পিরোজপুর সদর | ২ |
| | | মঠবাড়িয়া | ৩ |
| | | নাজিরপুর | ৩ |
| | | ইন্দুরকানি | ২ |
| | | নেছারাবাদ | ৩ |
| | | ভান্ডারিয়া | ২ |
| | | কাউখালি | ২ |
| | **উপমোট** | | **১৭** |
| | বরগুনা | বরগুনা সদর | ৩ |
| | | আমতলী | ২ |
| | | পাথরঘাটা | ২ |
| | | তালতলী | ২ |
| | | বামনা | ১ |
| | | বেতাগী | ২ |
| | **উপমোট** | | **১২** |
| | **মোট** | | **১৪৯** |

Rahman
১৪/০৭/'২২

(এস এম আশিকুর রহমান)
প্রকল্প পরিচালক
দেশীয় প্রজাতির মাছ এবং শামুক সংরক্ষণ ও উন্নয়ন প্রকল্প
মৎস্য অধিদপ্তর, গোপালগঞ্জ।
ই-মেইল: pdifssproject@fisheries.gov.bd

" নমুনা "

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সিনিয়র উপজেলা/উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যলয়

--------------------------------------------

নং- তারিখঃ

## বিজ্ঞপ্তি

প্রকল্প পরিচালক, দেশীয় প্রজাতির মাছ এবং শামুক সংরক্ষণ ও উন্নয়ন প্রকল্প , মৎস্য অধিদপ্তর, গোপালগঞ্জ এর স্মারক নং-৩৩.০২.০০০০.৯৫৭.১০.০০১.২১-২৪৪, তারিখ-১১/১০/২০২১ খ্রিঃ মোতাবেক সিনিয়র উপজেলা/উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যলয়, ...................... এ নিম্নলিখিত পদে মনোনয়নের জন্য নিম্নলিখিত শর্তে ...................... উপজেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্রঃ নং | পদের নাম | পদের সংখ্যা | মাসিক প্রণোদনা | বয়সসীমা | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|---|
| ০১ | মাঠ সহায়ক কর্মী | (সংশ্লিষ্ট উপজেলার জন্য নির্ধারিত সংখ্যা লিখুন) | সর্বসাকুল্যে ১৫০০০.০০ (পনের হাজার) টাকা | (১৮- ৪০) বছর (বিজ্ঞপ্তি প্রকাশের তারিখে) | নূন্যতম উচ্চমাধ্যমিক/সমমান। মৎস্য ডিপ্লোমা/বিজ্ঞান বিষয়ে উত্তীর্ণ প্রার্থীদের অগ্রাধিকার প্রদান করা হবে। |

**অন্যান্য শর্তাবলী:**

১. আবেদনকারীকে বাংলাদেশের নাগরিক এবং ...................... উপজেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।

২. মৎস্য অধিদপ্তরের সমাপ্ত অন্য কোন প্রকল্পের সমধর্মী কাজে অভিজ্ঞ প্রার্থীদের/ মৎস্য চাষ বিষয়ে প্রশিক্ষণপ্রাপ্তকে অগ্রাধিকার প্রদান করা হবে।

৩. শারীরিক ও মানসিকভাবে সুস্থ হতে হবে।

৪. সরকারী বা বেসরকারী কোন সংস্থার বেতনভূক্ত/সম্মানী ভাতা প্রাপ্ত কর্মচারী মাঠ সহায়ক কর্মী পদে আবেদন করতে পারবেন না।

৫. প্রার্থীকে...................... তারিখের মধ্যে সিনিয়র উপজেলা/উপজেলা মৎস্য কর্মকর্তা বরাবর লিখিত আবেদন করতে হবে। আবেদনে সাদা কাগজে (স্পষ্ট অক্ষরে) আবেদনকারীর পূর্ণ নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম, স্থায়ী ও বর্তমান ঠিকানা, জাতীয়তা, মোবাইল/ফোন নম্বর, জন্মতারিখ, বয়স, শিক্ষাগত যোগ্যতা, ধর্ম, অভিজ্ঞতা (যদি থাকে) ইত্যাদি উল্লেখ করতে হবে। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ, স্বাক্ষরবিহীন এবং বিলম্বে প্রাপ্ত আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে।

৬. আবেদনপত্রের সাথে প্রার্থীর সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি ছবি এবং নিম্নবর্ণিত কাগজপত্রাদির ছায়াকপি (গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে) সংযুক্ত করতে হবে

ক) শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্র

খ) প্রার্থীর জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সার্টিফিকেট

গ) পৌরসভার মেয়র/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র

ঘ) স্থায়ী বাসিন্দার স্বপক্ষে স্থানীয় পৌরসভার মেয়র/ ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানের প্রত্যয়নপত্র

ঙ) অভিজ্ঞতা/প্রশিক্ষণের সনদপত্র (যদি থাকে)

৭. ...................... তারিখ...................... ঘটিকায় ...................... স্থানে/কার্যালয়ে প্রার্থীকে সাক্ষাৎকার প্রদানের জন্য উপস্থিত থাকতে হবে।

৮. প্রার্থীগণকে সাক্ষাৎকার প্রদানের সময় সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র/জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন/নাগরিকত্ব সনদপত্র/স্থায়ী বাসিন্দার প্রত্যয়নপত্র/অভিজ্ঞতার সনদপত্র (যদি থাকে) এর মূলকপি উপস্থাপন/দাখিল করতে হবে।

৯. উপজেলা বাস্তবায়ন কমিটি কর্তৃক মাঠ সহায়ক কর্মীর প্রাথমিক তালিকা প্রণয়ণপূর্বক অনুমোদনের জন্য জেলা মৎস্য কর্মকর্তার মাধ্যমে প্রকল্প পরিচালকের নিকট প্রেরণ করতে হবে।

১০. প্রকল্প পরিচালক, প্রকল্প বাস্তবায়ন কমিটির (পিআইসি) অনুমোদনক্রমে মাঠ সহায়ক কর্মী মনোনয়নের তালিকা চুড়ান্ত করবেন।

১১. মনোনীত মাঠ সহায়ক কর্মীকে দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণে অংশগ্রহণ করতে হবে।

১২. প্রকল্প পরিচালক মাঠ পর্যায়ের কার্যক্রম সুষ্ঠভাবে বাস্তবায়নের প্রয়োজনে মাঠ সহায়ক কর্মীকে একই উপজেলার অন্য ইউনিয়নে দায়িত্ব প্রদান করতে পারবেন।

১৩. মাঠ সহায়ক কর্মীর কার্যক্রম/আচরন সন্তোষজনক না হলে প্রকল্প পরিচালক মাঠ সহায়ক কর্মীকে সাময়িক বরখাস্ত/ বরখাস্ত করতে পারবেন।

১৪. প্রকল্প মেয়াদশেষে এই মনোনয়ন বাতিল বলে গণ্য হবে।

১৫. বর্ণিত শর্তাবলী ছাড়া অন্য যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৬. প্রতারনামূলকভাবে ভুল তথ্য দিলে বা তথ্য গোপন করলে বা ভূয়া সনদপত্র জমা দিলে প্রার্থিকে অযোগ্য হিসেবে গন্য করা হবে এবং মনোনয়নপ্রাপ্ত হলে মনোনয়ন বাতিলসহ বরখাস্ত করা হবে।

১৭. কর্তৃপক্ষ কোন কারন দর্শানো ব্যতীরকে যে কোন আবেদন গ্রহণ/বাতিল/ কিংবা মনোনয়ন প্রক্রিয়া বাতিল/স্থগিত করার ক্ষমতা সংরক্ষণ করেন।

**মাঠ সহায়ক কর্মীর দায়িত্ব-কর্তব্য:**

১. মৎস্য খামারসমূহ রেজিস্ট্রেশনে সহায়ক ভূমিকা পালন করতে হবে।

২. মাঠ পর্যায়ে সংশ্লিষ্ট প্রকল্পের সম্প্রসারণ কর্মীর দায়িত্ব পালন করতে হবে।

৩. সংশ্লিষ্ট সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার/উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয় এবং সংশ্লিষ্টদের মাঝে কার্যকর যোগসূত্র স্থাপনে সহায়তা করতে হবে।

৪. সম্প্রসারণ পদ্ধতি ও মৎস্য কার্যক্রম সম্পর্কে কারিগরি বিষয়ে প্রশিক্ষণ গ্রহণ ও মাঠ পর্যায়ে বাস্তবায়ন করতে হবে।

৫. দায়িত্বপ্রাপ্ত এলাকার জলাশয়ে মৎস্য সম্পদ জরিপ করতে হবে এবং উপজেলা মৎস্য অফিসে তথ্যাদি সরবরাহ করতে হবে।

৬. ফলাফল প্রদর্শক মৎস্যচাষিদের খামার পরিদর্শন করে পরামর্শ প্রদানপূর্বক রেজিষ্টারে লিপিবদ্ধ করতে হবে।

৭. মাঠ সহায়ক কর্মী এর নিকট আগত মৎস্যচাষিকে পরামর্শ প্রদান করে রেজিষ্টারে লিপিবদ্ধ করতে হবে।

৮. স্থানীয় পর্যায়ে মৎস্যচাষ সংক্রান্ত কারিগরি ও ব্যবস্থাপনা সংক্রান্ত সমস্যাদি প্রয়োজনে সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার/উপজেলা মৎস্য কর্মকর্তার গোচরে আনতে হবে এবং সম্ভাব্য সমাধানের পন্থা জেনে নিয়ে মাঠ পর্যায়ে পৌছে দিতে হবে।

৯. প্রদর্শনী খামার নির্বাচনে/ বিকল্প কর্মসংস্থান ও সহায়তা প্রদানের জন্য মৎস্যজীবী ও জেলে নির্বাচনে সংশ্লিষ্ট সিনিয়র উপজেলা/ উপজেলা মৎস্য কর্মকর্তাকে সহায়তা করতে হবে।

১০. অভয়াশ্রম স্থাপন/বিল নার্সারী স্থাপন /পোনা অবমুক্তি/খাঁচায় মাছ চাষ/পেনে মাছ/মুক্তা চাষ এর জন্য উপযুক্ত স্থান নির্বাচনে সিনিয়র উপজেলা/উপজেলা মৎস্য কর্মকর্তাকে সহায়তা করতে হবে।

১১. বিভিন্ন প্রশিক্ষণ/সভা/অভিজ্ঞতা বিনিময় সফর কার্যক্রম বাস্তবায়নে সংশ্লিষ্ট সিনিয়র উপজেলা/উপজেলা মৎস্য কর্মকর্তাকে সহায়তা করতে হবে।

১২. দায়িত্বপ্রাপ্ত এলাকায় ফলাফল প্রদর্শক চাষির পুকুরের উৎপাদন কর্ম পরিকল্পনা তৈরিতে সহায়তা প্রদান করতে হবে। এবং বাস্তবায়ন তথ্যাদি রেকর্ড বই এ লিপিবদ্ধ করতে হবে।

১৩. অভয়াশ্রম স্থাপনে সিনিয়র উপজেলা/উপজেলা মৎস্য কর্মকর্তাকে সহায়তা করতে হবে।

১৪. অভয়াশ্রম রক্ষণাবেক্ষণে সমাজ ভিত্তিক গোষ্ঠী গঠন এবং গোষ্ঠীর সাথে যোগাযোগে সিনিয়র উপজেলা/উপজেলা মৎস্য কর্মকর্তাকে সহায়তা করতে হবে।

১৫. পোনা মাছ অবমুক্তি এবং বিল নার্সারী কার্যক্রম বাস্তবায়নে সিনিয়র উপজেলা/উপজেলা মৎস্য কর্মকর্তাকে সহায়তা করতে হবে।

১৬. মৎস্য সংরক্ষণ আইন বাস্তবায়নে সিনিয়র উপজেলা/উপজেলা মৎস্য কর্মকর্তাকে সহায়তা করতে হবে।

১৭. সম্প্রসারণ ও পরামর্শ কার্যক্রম পরিচালনার জন্য প্রদত্ত সম্প্রসারণ সামগ্রী, ওয়াটার ও সয়েল টেস্টিং কিট ও বাইসাইকেলের যথাযথ ব্যবহার ও সংরক্ষণ করতে হবে।

১৮. প্রয়োজনে উপজেলা মৎস্য অফিসে মাসিক সভায় যোগদান করতে হবে।

১৯. সংশ্লিষ্ট সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার/উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয় কর্তৃক আয়োজিত বিশেষ অনুষ্ঠান/কর্মসূচীতে সক্রিয়ভাবে অংশগ্রহণ করতে হবে।

২০. সংশ্লিষ্ট সিনিয়র উপজেলা/উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয় কর্তৃক সময়ে সময়ে অর্পিত অন্যান্য দায়িত্ব পালন করতে হবে ।

(-------------------)

সিনিয়র উপজেলা/উপজেলা মৎস্য কর্মকর্তা

----------------------------------

ও সদস্য সচিব

মাঠ সহায়ক কর্মী বাছাই কমিটি ।

# নমুনা আবেদনের ফরম

| পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি (৩ কপি) |
|---|

তারিখঃ

বরাবর
সিনিয়র উপজেলা/উপজেলা মৎস্য কর্মকর্তা
........................

বিষয়ঃ মাঠ সহায়ক কর্মী পদে মনোনয়নের জন্য আবেদন।

জনাব
বিনীত নিবেদন এই যে, আপনার কার্যালয়ের ........................ তারিখের .............................. নং বিজ্ঞপ্তির মাধ্যমে জানতে পারলাম যে, দেশীয় প্রজাতির মাছ এবং শামুক সংরক্ষণ ও উন্নয়ন প্রকল্প এর আওতায় আপনার দপ্তরে মাঠ সহায়ক কর্মী পদে ........................ জন-কে মনোনয়ন প্রদান করা হবে। উক্ত পদের আমি একজন প্রার্থী।

আমার শিক্ষাগত যোগ্যতাসহ যাবতীয় আনুষঙ্গিক তথ্যাদি নিম্নরুপঃ

| | | | |
|---|---|---|---|
| ১। | পূর্ণ নাম (বাংলায়) | : | |
| ২। | পূর্ণ নাম (ইংরেজীতে) | : | |
| ৩ | পিতা/স্বামীর নাম | : | |
| ৪। | মাতার নাম | : | |
| ৫। | স্থায়ী ঠিকানা | : | |
| ৬। | বর্তমান ঠিকানা | : | |
| ৭। | জাতীয় পরিচয় পত্র/ জন্ম নিবন্ধন সদন নম্বর | : | |
| ৮। | জাতীয়তা | : | |
| ৯। | মোবাইল নম্বর | : | |
| ১০। | জন্ম তারিখ ও বয়স | : | |
| ১১। | ধর্ম | : | |
| ১৩। | অভিজ্ঞতা (যদি থাকে) | : | |

| ১৩। শিক্ষাগত যোগ্যতা: | | | | |
|---|---|---|---|---|
| পরীক্ষার নাম | গ্রুপ/বিষয় | বোর্ড/বিশ্ববিদ্যালয় | পাশের সন | শ্রেণি/গ্রেড/জিপিএ |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |

নিবেদক

(আবেদনকারীর নাম ও স্বাক্ষর)

সংযুক্তিঃ
ক) প্রার্থীর শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্রের সত্যায়িত কপি (০১ কপি)
খ) প্রার্থীর জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদপত্রের সত্যায়িত কপি (০১ কপি)
গ) পৌরসভার মেয়র/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্রের সত্যায়িত কপি (০১ কপি)
ঘ) স্থায়ী বাসিন্দার স্বপক্ষে পৌরসভার মেয়র/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানের প্রত্যয়নপত্রের সত্যায়িত কপি (০১ কপি)
ঙ) অভিজ্ঞতা/প্রশিক্ষণের সনদপত্রের সত্যায়িত কপি (০১ কপি) (যদি থাকে)